



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)  
১ম বর্ষের (ইউনিট-এ) পরীক্ষা অনুষ্ঠিত



৩ জুন ২০২৩-শনিবার GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের এ-ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বিভিন্ন হল পরিদর্শন করেন। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ গোলাম মোস্তফা, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ রইছ উদদীন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান এবং প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।